দৈনিক
ইত্তেফাক

তারিখ ৬ AUG 2017
পৃষ্ঠা ৪ কলাম ৫

# রাবির কোষাধ্যক্ষ নেই তিন মাস

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদ প্রায় তিন মাস ধরে শূন্য রয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট প্রণয়ন, ফিন্যান্স কমিটির কার্যক্রমসহ বিভিন্ন খাতে অর্থ বরাদ্দের কার্যক্রমে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। দেশের প্রায় সব পাবলিক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বার্ষিক বাজেট পাস করিয়ে নিলেও কোষাধ্যক্ষ না থাকায় রাজশাহী বিশ্ববিদ্যালয় এখনো বার্ষিক বাজেট প্রণয়ন করতে পারেনি। চার বছর মেয়াদী ৩৬৩ কোটি টাকার একনেক প্রকল্পটিও কোষাধ্যক্ষ না থাকায় থমকে আছে। এই প্রকল্পে শিক্ষার্থীদের দুইটি আবাসিক হল, শিক্ষকদের উন্নত মানের কোয়ার্টার, প্রধান ফটকের সামনে ফুটওভার ব্রিজ নির্মাণ, নির্মাণাধীন ভবনের কাজ করা হবে। প্রায় ৮ মাস পেরিয়ে গেলেও উক্ত প্রকল্পে দৃশ্যমান কোনো পদক্ষেপ নিতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহা বলেন, 'কোষাধ্যক্ষ না থাকায় উপাচার্যের মৌখিক নির্দেশনায় আমাকে কোষাধ্যক্ষের বিভিন্ন কাজ করতে হচ্ছে। তবে একই সঙ্গে দু'টি গুরুত্বপূর্ণ দফতরের দেখভাল কষ্টসাধ্য।'

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) আব্দুল্লাহ আল হাসান চৌধুরী বলেন, 'কোষাধ্যক্ষ নিয়োগের জন্য দ্রুত চ্যান্সেলর ও রাষ্ট্রপতির দপ্তরে ফাইল পাঠানো হবে। রাষ্ট্রপতির সম্মতি সাপেক্ষে দ্রুত কোষাধ্যক্ষ নিয়োগ করা হবে।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর